

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd



আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.৩২.০০১.২০.৯৮৪

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৭

০৩ আগস্ট ২০২০

বিষয়: করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বন্ধ থাকা শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম রক্ষণাবেক্ষণ প্রসঙ্গে

করোনাভাইরাস মহামারির কারণে প্রায় চার মাস ধরে বাংলাদেশের সব শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকায় দীর্ঘদিন যাবৎ শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম গুলো ব্যবহার না হবার কারণে ল্যাবগুলোতে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী যেমন: ল্যাপটপ, ডেস্কটপ, ট্যাব, প্রিন্টার, স্ক্যানার, রাউটার ইত্যাদি যন্ত্রাংশ সমূহের সঠিকভাবে রক্ষণাবেক্ষণ হচ্ছে না। অনেক দিন ধরে ল্যাপটপসমূহের ব্যাটারিগুলো চার্জ না দেয়ার ফলে সেগুলোর ক্ষতি হতে পারে বা নষ্ট হয়ে যেতে পারে। এমতাবস্থায় করোনা কালীন শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী রক্ষণাবেক্ষণের বিষয়ে নিম্নলিখিত নির্দেশনাসমূহ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল :

- ১। প্রতি সপ্তাহে অন্তত একবার ল্যাপটপগুলো ৪০-৫০% চার্জ দিতে হবে।
- ২। সম্ভব হলে চার্জ দেয়ার পরে ল্যাপটপ গুলো ব্যবহার না করা হলে ব্যাটারিগুলো খুলে বায়ুরোধী প্লাস্টিকের থলিতে শূন্যে জায়গায় সংরক্ষণ করতে হবে।
- ৩। ল্যাপটপ বা ডেস্কটপ এ কোনো গুরুত্বপূর্ণ ডকুমেন্টস বা ডাটা থাকলে তা ব্যাকআপ রাখতে হবে।
- ৪। ইন্টারনেট ব্যবহার করা সম্ভব হলে অবশ্যই তা ব্যবহার করা এবং উইন্ডোস, এন্টিভাইরাস, ম্যালওয়্যার ইত্যাদি গুরুত্বপূর্ণ সফটওয়্যারগুলো আপডেটেড রাখতে হবে।
- ৫। কম্পিউটার ল্যাব এবং এর যন্ত্রাংশসমূহ নিয়মিত পরিষ্কার পরিছন্ন রাখতে হবে।
- ৬। শিক্ষা প্রতিষ্ঠান সমূহের নিজস্ব উদ্যোগে কম্পিউটার ল্যাবগুলো ব্যবহার করে অনলাইনে পাঠদান কার্যক্রম পরিচালনার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারগণ তার আওতাধীন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের মাধ্যমে নির্দেশনাসমূহ বাস্তবায়ন করে প্রধান কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

৩-৮-২০২০

এ. বি. এম. আরশাদ হোসেন
মহাপরিচালক

বিতরণ :

- ১) প্রোগ্রামার (জেলা) সকল
- ২) সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.৩২.০০১.২০.৯৮৪/১(৫৫৮)

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৭

০৩ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) জেলা প্রশাসক (সকল)
- ৩) পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৪) পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৮) ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (আদেশটি ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)
- ৯) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩-৮-২০২০

মোঃ আমিনুল ইসলাম
উপ-পরিচালক